# একুশের প্রথম প্রহরে ভাষা শহীদদের স্মরণে প্রধানমন্ত্রীর পুষ্পস্তবক অর্পণ



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন পুষ্পস্তবক অর্পণ শেষে শহীদ মিনার প্রাঙ্গণে আসেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি শহীদ বেদিতে ফুল দিয়ে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানান এবং কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে সম্মান প্রদর্শন করেন। পরে শহীদদের আত্মার মাগফিরাত কামনায় দোয়া অনুষ্ঠিত হয়।

রাত ১২টা ১২ মিনিটে প্রধানমন্ত্রীর নেতৃত্বে মন্ত্রিসভার সদস্যরা একযোগে শ্রদ্ধা নিবেদন করেন। এ সময় মন্ত্রী, প্রতিমন্ত্রী ও প্রধানমন্ত্রীর উপদেষ্টারা উপস্থিত ছিলেন।

শ্রদ্ধা নিবেদনের সময় স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, অর্থমন্ত্রী আমীর খসরু, তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্বপনসহ সরকারের উর্ধ্বতন ব্যক্তিরা উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রীর উপদেষ্টা পরিষদের সদস্যরাও এ সময় সেখানে ছিলেন।

পরবর্তীতে প্রধানমন্ত্রী তারেক রহমান তাঁর স্ত্রী ডা. জুবাইদা রহমান ও মেয়ে জায়মা রহমানকে সঙ্গে নিয়ে শহীদ বেদিতে ফুল দিয়ে ভাষা শহীদদের স্মরণ করেন।

উল্লেখ্য, জাতিসংঘ-এর সিদ্ধান্ত অনুযায়ী ২০১০ সাল থেকে প্রতিবছর ২১ ফেব্রুয়ারি বিশ্বব্যাপী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালন করা হচ্ছে।

LENS ASIA